



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র.বি/২০০৯/৫৩০

তারিখ: ০২/০২/২০২৫ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুবিতে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স বিষয়ক সেমিনার

কুমিল্লা বিশ্ববিদ্যালয় (কুবি) প্রকৌশল অনুষদের উদ্যোগে 'আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সি ফর প্রেডিক্টিং রেটিনাল ডিজিজ, স্ট্রোক এন্ড হার্ট অ্যাটাক: এ পাথওয়ে ফ্রম কনসেপ্ট টু ক্লিনিক্যাল সেটিংস' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (০২ জানুয়ারি) প্রকৌশল অনুষদের কনফারেন্স রুমে সকাল ১১ টার দিকে সেমিনারটি শুরু হয়।

সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ হায়দার আলী। এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মাসুদা কামাল এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান। প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন যুক্তরাষ্ট্রের আইহেলথস্ক্রিন ইনক'র প্রধান গবেষক ও সিইও ড. আলাউদ্দিন ভূঁইয়া। সেমিনারটির সভাপতিত্ব করেন কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের বিভাগীয় প্রধান ড. মাহমুদুল হাসান।

সেমিনারটিতে এআই বা আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সি বিষয়ক বিভিন্ন টুলসের ব্যবহার এবং এর প্রভাব নিয়ে আলোচনা করা হয়।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ হায়দার আলী বলেন, 'এআই নিয়ে অনেক কথা চলছে, ওনি হয়তো তোমাদের একটা হেলথ মডেল দিবে। কিন্তু আমি আপনাদের বলবো, এই এআইয়ের যুগে এডুকেশন সিস্টেম, অ্যাসাইনমেন্ট ইভালুয়েশন কি হবে তা নিয়ে ভাবতে।'

তিনি আরও বলেন, 'তোমরা শিখার একটা সুযোগ পেয়েছো। এই শেখাটা যেন ইন্টারেক্টিভ হয়। না বুঝে কেউ মাথা নিচু করে চুপ থাকবে না। আর শেখার ক্ষেত্রে ল্যাংগুয়েজ কোনো ভেরিয়ার না, এআইয়ের যুগে ভাষাকে ভয় পাবা না। আজকের এই সেমিনার সবার উপকৃত হোক এই কামনা করি।'

বিশেষ অতিথি মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মাসুদা কামাল বলেন, 'আমরা প্রতিটি ক্ষেত্রে এআই ব্যবহার উপলব্ধি করছি এবং বিভিন্ন সমস্যায় এর দ্বারস্থ হচ্ছি। আমাদের একটা জিনিস ভাবতে হবে, মানুষের সাথে এআইয়ের পার্থক্য কী? মানুষের সাথে এআইয়ের পার্থক্য হচ্ছে জাজমেন্টাল পাওয়ার, যেটা এআইয়ের নাই। আমাদের সবাইকে সচেতন থাকতে হবে এআই যেন আমাদের নিয়ন্ত্রণ না করে।'

মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ সোলায়মান বলেন, 'এই চতুর্থ বিপ্লবের সময়ে এসে মানুষ ইনফরমেশনকে অনেক বড় একটি শক্তি মনে করছে। এটার একটা বাস্তব নমুনা হচ্ছে এই আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স। আগামী বাংলাদেশকে নেতৃত্ব দিতে যে দক্ষ জনশক্তি দরকার, আশা করি তারাই এখানে আছে। এখন তোমাদের চিন্তা, মননে, মস্তিষ্কে এই ধারণাটা যদি সঞ্চার থাকে তাহলে আমাদের অগ্রযাত্রা সহায়ক হবে। বর্তমান প্রযুক্তির চাকা ঘুরাতে আমাদের প্রযুক্তির সাহায্য নিতে হবে। সেই প্রযুক্তিতে নাবিকের ভূমিকায় অবতীর্ণ হবে আজকে এখানে যারা উপস্থিত আছেন, সেই কামনা করি।'

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা-৩৫০৬

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ড্রেজারার (ড্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি